

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জয়েন্ট কমিশনার অব কাস্টমস এর কার্যালয়
হিলি স্থল কাস্টমস স্টেশন
হাকিমপুর, দিনাজপুর।

নথি নং- ৫-কাস-৮(১২)সাধারণ নিলাম/হিলি/২৬

তারিখ: .০৯.২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৩/০৯/২০২৬ খ্রি. তারিখে দৈনিক আমাদের প্রতিদিন, দৈনিক দিনকাল ও বণিক বার্তা পত্রিকায় প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে হিলি স্থল কাস্টমস স্টেশনের আওতাধীন হিলি কাস্টমস গুদামে সংরক্ষিত লট নং-০১/২০২৬, ০২/২০২৬, ০৩/২০২৬, ০৪/২০২৬, ০৫/২০২৬ ও ০৬/২০২৬-এর পণ্যসমূহ সাধারণ নিলামের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে গত ২২/০৯/২০২৬ খ্রি. তারিখে এ দপ্তরে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হয়। নিলাম বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময় ও তারিখে দরপত্র উন্মুক্তকরণের সময় দরদাতাগণ ও সরকারি নিলামকারীর উপস্থিতিতে নিলাম পরিচালনা কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র বাস্তব যথাযথভাবে উন্মুক্ত করা হয়। উক্ত কার্যক্রমে বর্ণিত ০৬ (ছয়)টি লটের বিপরীতে সর্বমোট ১৩ (তেরো)টি দরপত্র শিডিউল দাখিল পাওয়া যায়।

২। প্রাপ্ত দরপত্র ও সংশ্লিষ্ট দলিলাদি যথাযথভাবে যাচাই-বাছাই করে দেখা যায় যে, হিলি কাস্টমস গুদামের লট নং-০৪/২০২৬-এর বিপরীতে কোনো দরপত্র দাখিল হয়নি। ফলে জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং-৪৩/কাস্টমস/২০২৬, তারিখ: ১৭/০৮/২০২৬ খ্রি.-এর অনুলিপি ৭(২)(খ)-এর বিধান অনুযায়ী উক্ত লটের বিপরীতে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হয়নি মর্মে গণ্য করা হয়। অপরদিকে, অবশিষ্ট লটসমূহের বিপরীতে দাখিলকৃত দরপত্রসমূহ নির্ধারিত পদ্ধতিতে যাচাই-বাছাইপূর্বক সংশ্লিষ্ট লটের সর্বোচ্চ দরদাতাগণকে বিধি মোতাবেক নির্বাচিত করা হয় এবং তাঁদের অনুকূলে বিক্রয় অনুমোদন প্রদান করা হয়। লটভিত্তিক সর্বোচ্চ দরদাতাগণের বিবরণ নিম্নরূপঃ

ক্রম নং	লট নং	নির্বাচিত ও বিক্রয় অনুমোদনপ্রাপ্ত সর্বোচ্চ দরদাতা
১.	০১/২০২৬	মোঃ হজরত আলী সরদার, পিতা: মৃত ইয়াকুব আলী, ঠিকানা-দক্ষিণ বাসুদেবপুর, হাকিমপুর, দিনাজপুর।
২.	০২/২০২৬	মেসার্স মরিয়ম ট্রেডার্স, প্রোপাইটর-মোঃ শরিফুল ইসলাম, ঠিকানা-দক্ষিণ বাসুদেবপুর, হাকিমপুর, দিনাজপুর।
৩.	০৩/২০২৬	মোঃ আসলাম, পিতা: মৃত হাসান আলী, ঠিকানা-চকবাজার, দিনাজপুর।
৪.	০৫/২০২৬	মোঃ আলী মর্তুজা সরকার, পিতা: মৃত আব্দুস সাত্তার, ঠিকানা-চন্ডিপুর, হাকিমপুর, দিনাজপুর।
৫.	০৬/২০২৬	মোঃ আলী মর্তুজা সরকার, পিতা: মৃত আব্দুস সাত্তার, ঠিকানা-চন্ডিপুর, হাকিমপুর, দিনাজপুর।

৩। উল্লিখিত সর্বোচ্চ দরদাতাগণকে তাঁদের অনুকূলে বিক্রয়াদেশ জারির তারিখ হতে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রযোজ্য উৎসে আয়কর ও উৎসে মূল্যকর সংশ্লিষ্ট দরমূল্য সরকারি কোষাগারে/নির্ধারিত পদ্ধতিতে পরিশোধপূর্বক নিলামকৃত পণ্য খালাস গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে দরমূল্য ও প্রযোজ্য করাদি পরিশোধপূর্বক পণ্য খালাস গ্রহণে ব্যর্থ হলে, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রচলিত আইন, বিধি ও প্রযোজ্য সরকারি আদেশের বিধান অনুযায়ী সংশ্লিষ্ট বিক্রয় অনুমোদন বাতিল করা হবে এবং বিডার কর্তৃক দাখিলকৃত জামানত রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৪। উল্লেখ্য, প্রকাশিত নিলাম বিজ্ঞপ্তি ও দরপত্র শিডিউলে বর্ণিত নিলাম সংক্রান্ত সকল শর্ত, বিধি-বিধান ও নির্দেশনা অপরিবর্তিতভাবে বহাল ও প্রযোজ্য থাকবে।

স্বাক্ষর: —

[মুহাম্মদ মহি উদ্দিন]

ডেপুটি কমিশনার অব কাস্টমস

ফোন-০২৫৮৯৯২৬৩৫৮

E-mail: lcshili@yahoo.com

নথি নং- ৫-কাস-৮(১২)সাধারণ নিলাম/হিলি/২৬ ২৬২২(২০)


তারিখ: ০২ ১১.২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।
- ২। যুগ্ম কমিশনার (নিলাম), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ✓ ১। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর [বিজ্ঞপ্তিটি সদর দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ২। রেভিনিউ অফিসার অব কাস্টমস (প্রশাসন), হিলি স্থল কাস্টমস স্টেশন, হাকিমপুর, দিনাজপুর।
- ৩। জনাব মোঃ হজরত আলী সরদার, পিতা: মৃত ইয়াকুব আলী, ঠিকানা-দক্ষিণ বাসুদেবপুর, হাকিমপুর, দিনাজপুর।
- ৪। মেসার্স মরিয়ম ট্রেডার্স, প্রোপাইটর-মোঃ শরিফুল ইসলাম, ঠিকানা-দক্ষিণ বাসুদেবপুর, হাকিমপুর, দিনাজপুর।
- ৫। জনাব মোঃ আসলাম, পিতা: মৃত হাসান আলী, ঠিকানা-চকবাজার, দিনাজপুর।
- ৬। জনাব মোঃ আলী মর্তুজা সরকার, পিতা: মৃত আব্দুস সাত্তার, ঠিকানা-চন্ডিপুর, হাকিমপুর, দিনাজপুর।
- ৭। গুদাম কর্মকর্তা, হিলি কাস্টমস গুদাম, হাকিমপুর, দিনাজপুর।
- ৮। অফিস কপি।



(মুহাম্মদ মহি উদ্দিন)

ডেপুটি কমিশনার অব কাস্টমস